



ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ

প্রধান কার্যালয়, বিডিবিএল ভবন (লেভেল-১৪)

৮, রাজউক এডিনিউ, ঢাকা-১০০০।

হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট

তারিখ: ১২ আষাঢ় ১৪৩০
২৬ জুন ২০২৩

বিজ্ঞপ্তি

আসন্ন ঈদ-উল-আযহা, ২০২৩ উপলক্ষ্যে অফিস ছুটিকালীন আইসিবির প্রধান কার্যালয় ও শাখাসমূহের নিরাপত্তা জোরদারকল্পে ছুটিতে গমনের পূর্বে কর্পোরেশনের সকল পর্যায়ের কর্মচারীগণকে নিম্নোক্ত বিষয়সমূহ পরিপালনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

- (ক) বৈদ্যুতিক শর্ট সার্কিটজনিত দুর্ঘটনা এড়ানোর জন্য নিজ আসন ত্যাগ করার পূর্বে সকল ধরণের বৈদ্যুতিক সামগ্রী এর সুইচ বন্ধ করা;
- (খ) ঝড় ও বৃষ্টিতে ক্ষতি এড়ানোর লক্ষ্যে দরজা/জানালা যথাযথভাবে বন্ধ করা;
- (গ) ব্যক্তিগত ড্রয়ার এর তালা/লক লাগানো হয়েছে কি-না সে বিষয়ে নিশ্চিত হওয়া;
- (ঘ) যে সকল আলমিরা/লকার-এ গুরুত্বপূর্ণ/গোপনীয় ফাইলপত্র সংরক্ষিত থাকে তা যথাযথভাবে বন্ধ করা;
- (ঙ) পানির কল যথাযথভাবে বন্ধ করা; এবং
- (চ) কর্পোরেশনের প্রধান কার্যালয়ের প্রতিটি ফ্লোরে এবং শাখা কার্যালয়সমূহে সিকিউরিটি গার্ডের দায়িত্ব অর্পণ ও অবস্থানের বিষয়ে সুনিশ্চিত হওয়া এবং সিকিউরিটি গার্ড ব্যবস্থাপনার সাথে সম্পৃক্ত ডিভিশন/ডিপার্টমেন্ট কর্তৃক সার্বক্ষণিক যোগাযোগ বজায় রাখা।

০২। সকল ডিভিশন/ডিপার্টমেন্ট/ইউনিট/সেল/শাখাপ্রধানগণ বর্ণিত বিষয়ে কার্যকর পদক্ষেপ গ্রহণ করবেন।

০৩। কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ বিজ্ঞপ্তি জারি করা হলো।

(এস. এম. সিরাজুল ইসলাম)

সহকারী মহাব্যবস্থাপক

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১. সহকারী মহাব্যবস্থাপক/সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিবি।
০২. উপ-মহাব্যবস্থাপক/সিস্টেম ম্যানেজার, আইসিবি।
০৩. মহাব্যবস্থাপক-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪. উপ-ব্যবস্থাপনা পরিচালক-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৫. ব্যবস্থাপনা পরিচালক-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬. চেয়ারম্যান-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৭. প্রধান নির্বাহী কর্মকর্তা, আইসিবি সাবসিডিয়ারি কোম্পানিসমূহ।
০৮. আইসিবি কর্মকর্তা সমিতি, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৯. আইসিবি কর্মচারী ইউনিয়ন, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
১০. অফিস কপি।

অনুলিপি (কর্পোরেশনের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য):

সিনিয়র সিস্টেম এনালিস্ট, প্রোগ্রামিং ডিপার্টমেন্ট, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।